

প্রথম আলো

তারিখ... 08 JUL 2007
সংখ্যা - ৪

রংপুর কলেজের টি স্কুল ও কলেজ ও শিক্ষক একই সঙ্গে অন্য কলেজেও চাকরি করছেন!

নিজস্ব প্রতিবেদক, রংপুর

রংপুর কলেজের টি স্কুল ও কলেজের
তিনজন শিক্ষক একই সঙ্গে অন্য কলেজেও
চাকরি করছেন বলে জানা গেছে। ফলে তারা
আসলে কোন শিক্ষা প্রতিষ্ঠানের অন্তর্ভুক্ত তা
নিরে দেখা দিয়েছে ঘটিলতা।

রংপুর শহরের সেনাপাড়ার জেলা
প্রশাসনের তত্ত্বাবধানে গত সরকারের আমলে
কলেজের টি স্কুল ও কলেজটি গঠিত হয়। ২০০১
সালে তৎকালীন জেলা প্রশাসক মোয়াজ্জেম
হোসেন কলেজে শিক্ষক নিয়োগ দেন। শিক্ষক
হিসেবে নিয়োগ পান গণিতে আতিয়ার রহমান,

রনায়নে আতাহারুল ইসলাম ও পদার্থবিজ্ঞানে
মোস্তাফিজ হোসেন।

এদিকে বোঝা নিয়ে জানা গেছে, এই
তিনজন একই সঙ্গে জেলায় বিভিন্ন কলেজেও
চাকরি করছেন। আতিয়ার রহমান হুগলিয়ায়
ডিম্রি কলেজে, আতাহারুল ইসলাম গঙ্গাচড়া
ডিম্রি কলেজে ও মোস্তাফিজ হোসেন
রাধাকৃষ্ণপুর কলেজে কর্মরত আছেন। তারা দু
কলেজ থেকে বেতনও নিচ্ছেন। এ অবস্থা
চলছে চার বছর ধরে।

তবে অভিযুক্ত শিক্ষকরা দাবি করেছেন,
তারা একই সঙ্গে দু কলেজে চাকরি করতে
পারেন।

এ ব্যাপারে কলেজের টি কলেজের অধ্যক্ষ
মোহাম্মদ ইসহাক বলেন, ওই শিক্ষকরা যেসব
কলেজে চাকরি করেন সেসব কলেজের
অধ্যক্ষদের একটি লিখিত রয়েছে। এটি
চাড়াপত্র কি না জানতে চাওয়া হলে তিনি বলেন,
চাড়াপত্রের মতোই বলা যায়।

অন্যদিকে হুগলিয়ায় ডিম্রি কলেজের অধ্যক্ষ
আহমদ আলী জানান, আতিয়ার রহমান তার
কলেজেরই শিক্ষক। তাকে চাড়াপত্র বা লিখিত
কিছু দেওয়া হয়নি। একই বস্তু বলেছেন গঙ্গাচড়া
ডিম্রি কলেজের অধ্যক্ষ জামিলুর রহমান ও
রাধাকৃষ্ণপুর কলেজের অধ্যক্ষ মকসুম হোসেনও।

এ ব্যাপারে জানতে চাওয়া হলে অভিযুক্ত
জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) আবদুস
সালাম সরকার বলেন, কেউ একই সঙ্গে দু
কলেজে শিক্ষকতা করতে পারেন না। এ
সংক্রান্ত একটি অভিযোগ আমরা পেয়েছি।
উদত্ত কথিটি করা না হলেও বিষয়টি আমরা
বতীয়ে দেখছি।